অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

প্রাপক: আগ্রহী পক্ষ
প্রেরক: গভর্নর ক্যাথি হোচুলের অফিস
তারিখ: 7 অক্টোবর
বিষয়: গভর্নর ক্যাথি হোচুলের প্রথম 45 দিন

গভর্নর ক্যাথি হোচুলের 45-দিন সম্পূর্ণ করার দিনটি আসন্ন, তিনি তাৎক্ষণিক ফল প্রদান করতে এবং সরকারকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করাতে অতি দ্রুত ও সফলভাবে কাজ করেছেন।

যখন গভর্নর হোচুল দায়িত্ব গ্রহণ করেন, তিনি একাধিক অনন্য চাপসৃষ্টিকারী সমস্যার সম্মুখীন হয়েছেন, যার মধ্যে একটি নতুন প্রশাসন গঠন করার জরুরি দায়িত্ব ছাড়াও ছিল ডেল্টা ভ্যারিয়েন্টের উত্থান, একটির পর একটি হারিকেন, এবং স্বাস্থ্যসেবা কর্মীদের টিকা গ্রহণের আদেশ প্রদান। অ্যালবানির বিক্ষেপ দূর করার শপথ নিয়ে, হোচুল অগ্রগতিকে রাজনীতির আগে রেখেছেন এবং তাৎক্ষণিকভাবে সমস্যা সমাধানের কাজে নিযুক্ত হয়েছেন।

গভর্নর হোচুল তার প্রারম্ভিক প্রচেষ্টার ক্ষেত্রে বর্ধিত টিকা ও মাস্ক আবশ্যকতা, ভুক্তভোগী ভাড়াটিয়া, বাড়িওয়ালা ও অভিবাসীদের জন্য আরো দ্রুত মহামারী সহায়তা পৌঁছানোর মাধ্যমে কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে মনোযোগ দিয়েছেন এবং স্টেটের অন্যান্য সর্বোচ্চ অগ্রাধিকার সমস্যার ক্ষেত্রে সাহসী দৃঢ়সঙ্কল্প সিদ্ধান্ত গ্রহণ করেছেন, যেমন রাইকার্স আইল্যান্ড সঙ্কট ও ভাড়া সংক্রান্ত স্থগিতাদেশ মেয়াদোত্তীর্ণ হওয়া।

পুরো সময়ে গভর্নর হোচুলকে অ্যালবানি ও পুরো স্টেটে একটি নতুন স্বর প্রতিষ্ঠা করতে হয়েছে। তিনি একটি নতুন, বৈচিত্র্যময়, এবং অভিজ্ঞ নেতৃবৃন্দের দল গঠন করেছেন নৈতিক মান সর্বোচ্চ পর্যায়ের। হোচুল তাৎক্ষণিকভাবে সঠিক নার্সিং হোমে মৃত্যুর উপাত্ত প্রকাশ করে, স্টেট এজেন্সিগুলির জন্য তাদের স্বচ্ছতা বৃদ্ধির পরিকল্পনা জমা করা বাধ্যতামূলক করে অ্যালবানিতে আরো স্বচ্ছতা নিয়ে এসেছেন এবং বর্তমানে তার প্রশাসনের নৈতিক নীতিমালা ঢেলে সাজাচ্ছেন। এবং তিনি দেখিয়ে দিয়েছেন যে সহযোগিতা কোনো নোংরা শব্দ নয়, এবং নিউ ইয়র্ক স্টেটে দলগত কাজ নিউ ইয়র্কবাসীর জন্য কাজ উদ্ধার করতে পারে এবং করবে।

সামনে আরো কাজ বাকি আছে। কিন্তু তার প্রথম 45 দিনে, গভর্নর ক্যাথি হোচুল নিউ ইয়র্ককে অগ্রসর করার কাজে ভীষণ সাহসী, নিবেদিত, এবং দৃঢ়সঙ্কল্প ছিলেন।

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াই: কোভিড-19 এর বিরুদ্ধে লড়াই করতে ডেল্টা ভ্যারিয়েন্টের বিস্তার রোধে বুদ্ধিমান, বিজ্ঞান-ভিত্তিক পদক্ষেপ নিতে, নিউ ইয়র্কবাসীকে কাজে ফেরত পাঠাতে এবং শিশুদের স্কুলে রাখতে সুতীক্ষ্ণ মনোযোগ প্রদান করছেন।

স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য টিকা গ্রহণ আবশ্যক করার আদেশ:

টিকা গ্রহণের হার বৃদ্ধিতে করতে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য টিকা গ্রহণ আবশ্যক করার দেশের নেতৃত্ব স্থানীয় আদেশ প্রদান করার ব্যাপারে শক্ত ছিলেন:

- *"নিউ ইয়র্কের হোচুল প্রমাণ করলেন যে টিকা গ্রহণ আবশ্যক করার আদেশ কাজ করে"* - ব্লুমবার্গ (Bloomberg)
- *"স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য টিকা গ্রহণ আবশ্যক করতে চাওয়ার ক্ষেত্রে গভর্নর হোচুল সঠিক। হাসপাতালে সংক্রমণ ঠেকাতে অন্যান্য যেসব আবশ্যকতা ও প্রটোকল আছে, তারপরে এটি চিন্তা করা খুবই অযৌক্তিক যে কোনো স্বাস্থ্যসেবা কর্মী, বা তাদের ইউনিয়ন, টিকা গ্রহণ না করে রোগীর স্বাস্থ্যকে ঝুঁকিগ্রস্ত করার অধিকারের জন্য তর্ক করবে। কাউকেই হাসপাতালে অসুস্থ হয়ে এসে অধিক অসুস্থ হয়ে ফিরে যাওয়ার দুশ্চিন্তা করতে হওয়া উচিত না।"* - *টাইমস-ইউনিয়ন (Times-Union) সম্পাদকীয়*

কর্মী ঘাটতি সামাল দিতে একটি সার্বিক পরিকল্পনা প্রকাশ করেছেন:

- *"সোমবার রাতে, মিস হোচুল একটি নির্বাহী আদেশ স্বাক্ষর করেছেন যার ফলে যেকোনো কর্মী ঘাটতির ক্ষেত্রে অন্য স্টেট বা দেশের লাইসেন্সপ্রাপ্ত স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য নিউ ইয়র্কে কাজ করা সহজতর হবে। গভর্নর হোচুল এটি ভালো করেছেন।"* - *মারা গে, নিউ ইয়র্ক টাইমস (New York Times, NY Times)*
- *"তার নেতৃত্ব এবং নার্স, রোগীর সমর্থনে তার সাহসী ও কৌশলী পরিকল্পনা, এবং সম্ভাব্য শ্রেষ্ঠ সেবা নিশ্চিত করার জন্য আমরা গভর্নর হোচুলের প্রতি কৃতজ্ঞ" - প্যাট কেন, রেসিডেন্সিয়াল নার্স (Residential Nurse, RN), নিউ ইয়র্ক স্টেট নার্সেস অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক (New York State Nurses Association)*

প্রথম দিন বনাম 45তম দিনের কোভিড/টিকা উপাত্ত

- 7 অক্টোবর পর্যন্ত পুরো স্টেটে সনাক্তের হার: **2.23%** (24 আগস্টে: **3.6%)**
- 7 অক্টোবর পর্যন্ত অন্তত একটি টিকা ডোজপ্রাপ্ত 18 ও তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীর শতাংশ: **84.9%** (24 আগস্টে: **78.7%)**
- শপথ নেওয়ার পর থেকে **2.2 মিলিয়নের** বেশি মোট টিকা প্রদান করা হয়েছে

স্কুলে মাস্ক আবশ্যক করা এবং ভ্যাক্সটুস্কুল (VaxToSchool) প্রোগ্রাম:

- আমাদের শিশু, শিক্ষক এবং শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে ফেরাতে সাহায্য করতে মাস্ক আবশ্যক করার একটি আদেশ বাস্তবায়ন করেছেন। ((*"তার আবশ্যকতার আদেশ দিয়ে, হোচুল শুধু স্টেটের সন্তানদের স্বাস্থ্যের জন্য নয়, বরং পুরো বছর সামনাসামনি শিক্ষা প্রদান করার ক্ষমতার জন্যও অবস্থান নিয়েছেন।* এটি একটি অত্যাবশ্যকীয়

আবশ্যকতা, অন্ততপক্ষে এমন সময়ে যখন স্কুল বছর শুরু হচ্ছে।" *বাফেলো নিউজ (Buffalo News) সম্পাদকীয়)*

- বয়স্ক ও দুর্বল নিউ ইয়র্কবাসীর জন্য যাতে কোভিড-19 বুস্টার টিকা ব্যাপকভাবে উপলভ্য থাকে তা নিশ্চিত করতে 65 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন ঘোষণা করছেন।(*"আমার ইতিমধ্যে কিছু ইতিবাচক পদক্ষেপ গ্রহণ দেখেছি। গভর্নর ক্যাথি হোচুল ইমার্জেন্সি মেডিকেল টেকনিশিয়ানদের (Emergency Medical Technicians, EMT) টিকা প্রদানের পথ পরিষ্কার করে দিয়েছেন"* - অবার্ন সিটিজেন (Auburn Citizen) সম্পাদকীয়)
- অত্যন্ত সংক্রমণশীল ডেল্টা ভ্যারিয়েন্ট এবং পুরো স্টেটে কোভিড-19 সংক্রমণের সাম্প্রতিক বিস্তার থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে নকশা করা আরো বেশ কিছু অতিরিক্ত সর্বজনীন মাস্ক আবশ্যকতা ঘোষণা করেছেন।
- 12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকা গ্রহণের হার কম হওয়ার প্রত্যুত্তরে কমবয়সী নিউ ইয়র্কবাসীদের টিকা গ্রহণে অনুপ্রাণিত করার জন্য 120টি পপ-আপ সাইট শুরু করার একটি সার্বিক ক্যাম্পেইন শুরু করেন। (*"স্কুলে যাওয়ার বয়সী শিশুরা, প্রাপ্তবয়স্করা 'ভ্যাক্সটুস্কুল' পপ-আপ টিকা সাইটে তাদের টিকা গ্রহণ করছেন"* - নিউজডে (Newsday)

নিউ ইয়র্কের ভাড়াটিয়া, বাড়িওয়ালা, অভিবাসীদের জন্য মহামারী ত্রাণ: গভর্নর হোচুল মহামারী ত্রাণের অর্থ নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছানো ত্বরান্বিত করেছেন।

জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রাম (Emergency Rental Assistance Program, EARP)

- আগস্ট 24 থেকে ভাড়ার ত্রাণ অর্থের পরিমাণ চারগুণ করেছেন: 7 অক্টোবর: এই সপ্তাহ শেষ হওয়ার পূর্বে 800 মিলিয়নের বেশি মার্কিন ডলার প্রদান করা হবে (24 আগস্টে: 203 মিলিয়ন মার্কিন ডলার)
- ন্যাশনাল লো ইনকাম হাউজিং কোয়ালিশন (National Low Income Housing Coalition) **অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট অর্থ পরিশোধ বা বাধ্য করার ক্ষেত্রে জাতীয়ভাবে প্রথম স্থানে রয়েছে** (*"ভাড়া ত্রাণ প্রদান করার ক্ষেত্রে নিউ ইয়র্ক সবচেয়ে খারাপ থেকে সেরা স্থানে" - কার্বড Curbed*)

এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড

- এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ডের মাধ্যমে 73,000 এর বেশি অভিবাসী নিউ ইয়র্কবাসীদের 1 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিতরণ করা হয়েছে, যারা স্টেট ও ফেডারেল বেকার বীমা ভাতা পাওয়ার জন্য উপযুক্ত না, এদের মধ্যে অনেকেই অত্যাবশ্যকীয় কর্মী, এটি দেশে এধরণের প্রথম বড়-মাত্রার প্রোগ্রাম।
- অক্টোবরের শেষ নাগাদ, হোচুল প্রশাসন আইনসভা দ্বারা অনুমোদিত 2.1 বিলিয়ন মার্কিন ডলার সম্পূর্ণ বিতরণ করে ফেলবে।

নতুন উচ্ছেদ স্থগিতাদেশ

- অনেক নিউ ইয়র্কবাসী এখনো মহামারীর অর্থনৈতিক প্রভাবে সংগ্রাম করছে তা অনুধাবন করে গভর্নর হোচুল একটি বিশেষ অধিবেশনের আহবান করেন এবং 15 জানুয়ারি, 2022 পর্যন্ত একটি নতুন উচ্ছেদ স্থগিতাদেশ পাশ করতে আইনসভার সাথে

কাজ করেন। *("হোচুলের প্রথম বড় জয় হল নতুন উচ্ছেদ স্থগিতাদেশ" - - কার্বড (Curbed)*

অ্যালবানিতে রীতি পরিবর্তন: গভর্নর হোচুল স্বচ্ছতার নতুন যুগের সূচনা করছেন, তার প্রশাসনের জন্য উঁচু নৈতিকতার মান প্রয়োগ করছেন, এবং সরকারের প্রতি আস্থা ফিরিয়ে আনতে বাস্তব, সাহসী নৈতিক সংশোধনের জন্য চেষ্টা করছেন।

আরো স্বচ্ছতা

- একটি "সরকারের স্বচ্ছতার উদ্যোগ (Government Transparency Initiative)" ঘোষণা করেছেন এবং নিউ ইয়র্ক স্টেটের সকল এজেন্সির নেতাদের জন্য কিভাবে তারা স্বচ্ছতা বৃদ্ধি করবে সেই পরিকল্পনা 20 অক্টোবরের মধ্যে দাখিল করা আবশ্যক করেছেন। *("নিউ ইয়র্কে, সরকারের খোলা আইন প্রায়ই বিকৃত করে তথ্য গোপন করার কাজে ব্যবহার করা হয়েছে। গভর্নর ক্যাথি হোচুল স্বচ্ছতাকে তার প্রশাসনের নির্দেশক চাপ বানানোর শপথ করে আগস্ট মাসে দায়িত্ব গ্রহণ করেছেন। এই সপ্তাহে তিনি কথাকে কাজে পরিণত করা শুরু করেছেন।" - বাফেলো নিউজ (Buffalo News) সম্পাদকীয়)*
- প্রথম দিন তিনি দৈনিক কোভিড-19 আপডেটের সময় নার্সিং হোমে মৃত্যুর উপাত্তের একটি অতিরিক্ত সেট প্রকাশ করা দ্বারা শুরু করেন যা পূর্বের প্রশাসনের সময় উন্মুক্ত করা হয়নি। *("মঙ্গলবার গভর্নর ক্যাথি হোচুল নিউ ইয়র্কে কোভিড সংক্রান্ত মৃত্যুর সংখ্যার ব্যাপারে আপডেটেড পরিসংখ্যান প্রকাশের মাধ্যমে তার প্রশাসনকে আরো স্বচ্ছ করার তার প্রতিজ্ঞা পূরণের পথে একটি ইতিবাচক পদক্ষেপ নিয়েছেন।"- ডেইলি গ্যাজেট (Daily Gazette) সম্পাদকীয়)*

বাস্তব, সাহসী নৈতিক সংশোধনের চেষ্টা

- জয়েন্ট কমিটি অন পাবলিক এথিক্স (Joint Committee on Public Ethics, JCOPE) এ কাজ করার জন্য নতুন কমিশনারদের নিয়োগ দিয়েছেন।
- JCOPE এর আমূল পরিবর্তন করার শপথ নিয়েছেন এবং ঘোষণা করেছেন যে বাস্তব, সাহসী সংশোধন করার জন্য তার প্রশাসন ভালো সরকার গ্রুপ, বিধায়ক, এবং জনগণের সাথে কাজ করার প্রক্রিয়া শুরু করেছে।

অতি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধান: গভর্নর হোচুল স্টেটের অন্যান্য অনন্য গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানে জরুরি ব্যবস্থা নিচ্ছেন।

রাইকার্স আইল্যান্ডের সঙ্কট মোকাবেলা

- "লেস ইজ মোর অ্যাক্ট" কে আইন হিসেবে স্বাক্ষর করেছেন, যা নিউ ইয়র্কের প্যারোল ব্যবস্থাকে একবিংশ শতাব্দীর উপযোগী করে এবং মানবিক অপরাধীর ন্যায়বিচার ব্যবস্থা সংশোধনে দেশকে নেতৃত্ব দিচ্ছে। এই আইন প্যারোলে থাকা কোনো ব্যক্তির জন্য সম্প্রদায়ের তত্ত্বাবধান প্রত্যাহার করা হবে কিনা তা নির্ণয়ে প্রমাণের মানদণ্ড ও অন্যান্য বিশেষ কিছু প্রক্রিয়া সংশোধন করে।
- প্যারোল সংশোধনের অধীনে উপযুক্ত 212 জন কারাবন্দীদের মুক্তি প্রদানের জন্য বিধায়কদের নির্ধারিত সময়রেখা পূর্বেই বিশেষ কিছু সংস্থান প্রণীত করা হয়েছে।

"লেস ইজ মোর একটি আইন: গভর্নর হোচুল একটি গুরুত্বপূর্ণ অপরাধীর ন্যায়বিচার ব্যবস্থা সংশোধন বিল স্বাক্ষর করেছেন" - নিউ ইয়র্ক ডেইলি নিউজ (New York Daily News)
"গভর্নর হোচুল সুদূরপ্রসারী অপরাধীর ন্যায়বিচার ব্যবস্থা সংশোধন বিল 'লেস ইজ মোর' স্বাক্ষর করেছেন - নিউজ12 (News12)
দ্য লিগ্যাল এইড সোসাইটির (The Legal Aid Society) ক্রিমিনাল ডিফেন্স প্র্যাকটিসের অ্যাটর্নি-ইনচার্জ, টিনা লুওঙ্গো বলেন, "এই গুরুত্বপূর্ণ বিলকে, যা আক্ষরিক অর্থে জীবন বাঁচাবে, আইনে পরিণত করার জন্য লিগ্যাল এইড সোসাইটি গভর্নর ক্যাথি হোচুল এবং সংসদের প্রশংসা করছে।"
নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ চার্চেসের (New York State Council of Churches) নির্বাহী পরিচালক রেভারেন্ড পিটার কুক বলেন, "নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অফ চার্চেজ লেস ইজ মোর বিলটিকে আইনে পরিণত করতে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোচুলকে ধন্যবাদ জানাচ্ছে। অতি দীর্ঘ সময় ধরে, পূর্বে একবার কারাবাস করা বহু নিউ ইয়র্কবাসী প্যারোলে থাকাকালীন একটি কারফিউ ভঙ্গ করা বা অ্যাপয়েন্টমেন্টে যেতে ব্যর্থ হওয়ার কারণে অযথা পুনরায় কারারুদ্ধ হওয়ার ঝুঁকির সম্মুখীন হয়েছে।"
ফরচুন সোসাইটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জোঅ্যান পেজ বলেন, "আমরা বিলটিকে আইনে পরিণত করতে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাচ্ছি। এটি আক্ষরিক অর্থেই জীবন বাঁচাবে।"

- প্রক্রিয়া ত্বরান্বিতকরণের জন্য আদালতের রিমোট শুনানি সম্প্রসারণ এবং সংশোধন কর্মচারীদের আটক ব্যক্তিদের পরিবহন থেকে রাইকার্স আইল্যান্ডে আবাসন তত্ত্বাবধান ও নিরাপত্তাতে পুনরায় নিযুক্ত করার জন্য এক্সিকিউটিভ অর্ডার স্বাক্ষর করেন।
- কম পক্ষে নব্বই দিনের জন্য কারাদণ্ড প্রাপ্ত কারাবন্দীদের রাইকার্স আইল্যান্ড থেকে নিউ ইয়র্ক স্টেট ফ্যাসিলিটিতে স্থানান্তর করার ব্যাপারে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ কারেকশন্সের (Department of Corrections) সাথে চুক্তিতে পৌঁছেছেন।

নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে বৈশ্বিক নেতা হিসেবে কাজ করবে এই প্রতিশ্রুতি দিয়েছেন।

- জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করতে এবং ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করতে মুখ্য সবুজ শক্তির উদ্যোগ নিয়েছেন:

- নিউ ইয়র্ক সিটিতে আপস্টেট ও কানাডিয়ান নবায়নযোগ্য শক্তি নিয়ে আসার জন্য দুইটি মুখ্য ট্রান্সমিশন অবকাঠামো প্রকল্প।
- 2030 সালের মধ্যে নিউ ইয়র্কে বিতরণকৃত সৌরশক্তির লক্ষ্য দ্বিগুণ করে 10 গিগাওয়াট করেছেন।
- সম্মুখ সারির পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহের বায়ুর মান পর্যবেক্ষণ করার জন্য এধরণের সর্বপ্রথম একটি প্রচেষ্টা।
- পানি অবকাঠামো ও পুরো স্টেটে স্থিতিশীলতা প্রকল্পে 600 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করেছেন

- নতুনভাবে নাম পরিবর্তন করা "ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার অ্যান্ড গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act)" এর জন্য 1 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করার প্রস্তাব দিয়েছেন
- প্রি-কে থেকে গ্রেড 12 পর্যন্ত স্কুলগুলোতে বায়ুর মান উন্নত করতে ও কার্বন নির্গমন কমাতে গভর্নর হোচুলের 59 মিলিয়ন ডলারের "নির্মল সবুজ স্কুল Clean Green Schools" initiative)" উদ্যোগ গ্রহণের ঘোষণা
- **নিউ ইয়র্ক লিগ অফ কনজার্ভেশন ভোটারস (New York League of Conservation Voters) এর প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন,** "ঠিক নিউ ইয়র্ক সিটির জলবায়ু সপ্তাহের সময়ে, গভর্নর ক্যাথি হোচুল যে পরিবেশকে অগ্রাধিকার প্রদান করছেন এবং একটি পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরিতে অতিরিক্ত বিনিয়োগ ঘোষণা করছেন সে ব্যাপারে আমরা আনন্দিত।"
- **ইউনাইটেড পুয়ের্তো রিকানস অর্গানাইজেশন অফ সানসেট পার্কের (United Puerto Ricans' Organization of Sunset Park, UPROSE) নির্বাহী পরিচালক এলিজাবেথ ইম্পিয়ের বলেন,** "প্রজন্মের পর প্রজন্ম ধরে কৃষ্ণাঙ্গ, বাদামী, এবং নিম্ন আয়ের সম্প্রদায়গুলি বায়ুদূষক অবকাঠামোর অনিচ্ছুক আয়োজকের দায়িত্ব পালন করছে এবং এর মধ্যে রয়েছে জীবাশ্ম জ্বালানী প্লান্টের বিষাক্ত নিঃসরণ, হাইওয়ে, কঠিন বর্জ্য এবং ডিজেল ট্রাক ইত্যাদি যা ঐতিহাসিক স্বাস্থ্য সংক্রান্ত অসমতার পুরুষানুক্রমে সৃষ্টি করে যাচ্ছে। 2019 সালে সম্মুখসারির সম্প্রদায়ের বহু বছরের নেতৃত্ব যে ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act) পাশ করাতে পেরেছিলো তা স্টেটের আজকের ঘোষণায় ফলপ্রসূ হয়েছে এটি জানতে পেরে আমরা অনুপ্রাণিত হচ্ছি।"
- **পিপল ইউনাইটেড ফর সাসটেইনেবল হাউজিং বাফেলোর (People United for Sustainable Housing Buffalo, PUSH বাফেলো) নির্বাহী পরিচালক এবং ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপের (Climate Justice Working Group) সদস্য রাওয়া ঘিরমাতজিয়ন বলেন,** "ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের (Climate Leadership and Community Protection Act) দ্রুত বাস্তবায়নের মাধ্যমে জলবায়ু সঙ্কট মোকাবেলায় গভর্নর হোচুলের প্রতিশ্রুতির ব্যাপারে আমি আনন্দিত। সম্প্রদায় পর্যায়ে বায়ুর মান মনিটরিং এর আজকের খবর এবং সরাসরি সম্প্রদায় পর্যায়ের সংস্থার সাথে কাজ করার ব্যাপারে জলবায়ু ন্যায়বিচার নেতৃবৃন্দ বহু বছর ধরে সুপারিশ করে আসছেন।"
- **উই অ্যাক্ট ফর এনভায়রনমেন্টাল জাস্টিস (WE ACT For Environmental Justice) এর নির্বাহী পরিচালক পেগি শেপার্ড বলেন,** "গবেষণায় দেখা যায় যে বায়ু দূষণ দ্বারা অসমানুপাতিক হারে প্রভাবিত অঞ্চলে বাসরত নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যের উপর বায়ু দূষণের প্রভাব মারাত্মক। এই বায়ুর মান মনিটরিং উদ্যোগ হাইপারলোকাল উপাত্তের যোগাড়ে গুরুত্বপূর্ণ হবে যা গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ এবং ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলা সহ দূষক পদার্থ কমানোর জন্য প্রয়োজনীয়। গভর্নরের কাছ থেকে আসা খবরটি অসাধারণ।"
- "নিউ ইয়র্কে স্থানীয় সৌরশক্তির প্রতি এই আকর্ষণীয় নতুন অঙ্গীকার ও নিউ ইয়র্কের গ্রিড-স্কেল নবায়নযোগ্য শক্তির পরিকল্পিত ক্রয় একত্রে এটি প্রদর্শন করে যে জলবায়ু

পদক্ষেপ নেওয়া এবং 2030 সালের মধ্যে 70% নবায়নযোগ্য শক্তিতে পৌঁছনোর ব্যাপারে এম্পায়ার স্টেট দৃঢ় প্রতিজ্ঞ," **বলেন অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস।**

ঘূর্ণিঝড় আইডার পরবর্তীতে নিউ ইয়র্কবাসীকে পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য দ্রুত প্রতিক্রিয়া

- তীব্রভাবে আঘাত পাওয়া এলাকায় তাৎক্ষণিকভাবে নিউ ইয়র্ক স্টেটের রিসোর্স নিযুক্ত করা।
- নিউ ইয়র্কে আইডা থেকে পুনরুদ্ধারের জন্য হোয়াইট হাউজের পূর্ণ শক্তি নিযুক্ত করতে রাষ্ট্রপতি বাইডেনের কাছ থেকে একটি মেজর ডিজেস্টার ডিক্লেরেশন (Major Disaster Declaration) নিশ্চিত করা।
- ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) থেকে বাদ পড়া অভিবাসী নিউ ইয়র্কবাসীর জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার আইডা পুনরুদ্ধার ত্রাণ তহবিল ঘোষণা, যা দেশে প্রথম।

- **মেক দ্য রোডের (Make the Road) সহ-নির্বাহী পরিচালক থিও অশিরো বলেন,** "ফেডারেল দুর্যোগ সহায়তা থেকে বাদ পড়া অভিবাসীদের জন্য অতি জরুরি ত্রাণ প্রদান করতে আমরা গভর্নর হোচুলের পদক্ষেপের প্রশংসা করছি। এই তহবিলের মাধ্যমে, প্রতিবেশী এবং প্রিয়জনেরা, যারা ত্রাণের অত্যন্ত প্রয়োজন, তারা তাদের বাড়ি মেরামত শুরু করতে পারবেন এবং তাদের জীবন নিয়ে এগিয়ে যেতে সক্ষম হবেন।"
- **চাইনিজ-আমেরিকান প্ল্যানিং কাউন্সিল, ইনকর্পোরেশনের (Chinese-American Planning Council, Inc.) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ওয়েইন হো বলেন,** "ঘূর্ণিঝড় আইডায় ক্ষতিগ্রস্ত নথিবহির্ভুত অভিবাসীদের জরুরি ত্রাণ প্রদানে চাইনিজ-আমেরিকান প্ল্যানিং কাউন্সিল নিউ ইয়র্ক স্টেটের গর্বিত অংশীদার। বহু অনথিভুক্ত ব্যক্তি এবং পরিবার FEMA সহায়তার জন্য যোগ্য নয়। আমরা আনন্দিত যে এই কঠিন সময়ে তাদের নিজের পায়ে উঠে দাঁড়াতে সাহায্য করার জন্য নতুন এই রিসোর্স উপলভ্য হবে।"
- **মিনকুয়োন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশনের (MinKwon Center for Community Action) নির্বাহী পরিচালক জন পার্ক বলেন,** "মিনকুয়োন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশন, ঘূর্ণিঝড় আইডায় ক্ষতিগ্রস্ত নথিবহির্ভুত অভিবাসীদের রিসোর্সের সাথে সংযুক্ত করার এই অর্থপূর্ণ উদ্যোগের গর্বিত অংশীদার। নিউ ইয়র্কের বহু অনথিভুক্ত অভিবাসী, প্রায়শই ভাড়া করা বেসমেন্টের বাসভবনে অতিরিক্তভাবে যারা বসবাস করেন, তারা যখন আইডার দ্বারা সৃষ্ট আকস্মিক বন্যার জলের ফলে নিকাশী ও নিষ্কাশন ব্যবস্থাগুলি উপচে পড়ে তখন যথেষ্ট ক্ষতির সম্মুখীন হন। ফেডারেল পলিসি ড্রিমারসহ অনথিভুক্ত পরিবারগুলিকে সরাসরি FEMA দুর্যোগ সংক্রান্ত ত্রাণ তহবিল পাওয়া থেকে বিরত করে, আমরা গভর্নর হোচুল এবং মেয়র ডি. ব্লাসিওর এই প্রয়োজনীয় সংস্থানের ঘোষণার জন্য কৃতজ্ঞ এবং আমাদের প্রতিবেশীদের, তাদের অভিবাসন অবস্থা নির্বিশেষে, নির্মমভাবে ঝড় সংক্রান্ত দুর্যোগ বা মহামারীর ত্রাণ সহায়তা থেকে বঞ্চিত করা উচিত নয়, বরং আমাদের মতই মূল্যবান মানুষ হিসেবে বিবেচনা করা উচিত।"

নিউ ইয়র্কের গাঁজা শিল্প শুরু ও চলমান করা

- অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্টের (Office of Cannabis Management, OCM) বোর্ডে রুবেন আর. ম্যাকডেনিয়াল, দ্য থার্ড এবং জেসিকা গার্সিয়াকে নিয়োগ প্রদান করেছেন।
- নিউ ইয়র্কের ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের (Cannabis Control Board, CCB) প্রধান হিসেবে প্রাক্তন অ্যাসেম্বলি সদস্য ট্রেমাইন রাইট, এবং OCM-এর নির্বাহী পরিচালক হিসেবে দীর্ঘদিনের উকিল এবং নিউ ইয়র্ক স্টেটের গাঁজা বৈধকরণ আইনের লেখক ক্রিস্টোফার আলেকজান্ডারকেমনোনীত করা এবং অনুমোদন নিশ্চিত করেছেন।
- *"যা করতে অ্যান্ড্রু কুওমোর অনেক মাস লেগে যাচ্ছিলো তা মাত্র কয়েক সপ্তাহে সম্পন্ন করে গভর্নর হোচুল স্টেটের নতুন বৈধ-গাঁজা আমলাতন্ত্রের উপরের দিকের পদ পূরণ করেছেন।*" - নিউ ইয়র্ক ডেইলি নিউজ সম্পাদকীয়

গর্ভপাত-বিরোধী ঢেউয়ের মুখে গর্ভপাতের অধিকারকে সুনিশ্চিত করা

- টেক্সাস এবং দেশের অন্যান্য স্থানের গর্ভপাত-বিরোধী আইনের প্রত্যুত্তরে, নিউ ইয়র্ক স্টেটকে গর্ভপাত সেবা সন্ধানীদের জন্য একটি নিরাপদ বন্দর হিসেবে পাকাপোক্ত করতে এজেন্ডা ঘোষণা করেছেন।
- **নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়নের নির্বাহী পরিচালক ডোনা লিবারম্যান বলেন**, "গর্ভপাতের অধিকারের ক্ষেত্রে টেক্সাসের চরম অসাংবিধানিক আক্রমণের মুখে, নিউ ইয়র্ককে গর্ভপাত সেবা সন্ধানীদের জন্য একটি নিরাপদ আশ্রয় হিসেবে নিশ্চিত করতে গভর্নর হোচুল বিশেষজ্ঞ ও স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্বে যে দৃঢ়সঙ্কল্প সিদ্ধান্ত নিয়েছেন আমরা তার প্রশংসা করছি। আমরা টেক্সাস, অথবা এর অনুসারী অন্য কোনো স্টেটকে পরিস্থিতি পাল্টে দেয়ার সুযোগ দিবো না।"
- **ন্যাশনাল ইনস্টিটিউট ফর রিপ্রোডাক্টিভ হেলথ অ্যাকশন ফান্ডের (National Institute for Reproductive Health Action Fund) প্রেসিডেন্ট আন্দ্রিয়া মিলার বলেন**, "সকল নিউ ইয়র্কবাসী এবং এখানে সেবার জন্য ভ্রমণ করতে আসা সবার জন্য অ্যাক্সেস নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট যাতে সম্ভাব্য সব কিছু করে তা নিশ্চিত করার জন্য সাহসী পদক্ষেপ নেওয়ার জন্য আমরা গভর্নর হোচুলের প্রশংসা করছি। আমরা দেশের বিভিন্ন স্টেটের গভর্নর ও আইন প্রণেতাদের তার পদাঙ্ক অনুসরণের জন্য আমন্ত্রণ জানাই।"

ঘৃণা অপরাধের বিরুদ্ধে অবস্থান

- ঘৃণা অপরাধের সাম্প্রতিক বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করতে অলাভজনক প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার করার জন্য প্রায় 25 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার ঘোষণা দিয়েছেন।

ঐতিহাসিক সাবওয়ে বিদ্যুৎ বিভ্রাটের সমাধান

- ঐতিহাসিক ব্যাপক বিস্তৃত সাবওয়ে বিদ্যুৎ বিভ্রাটের পরে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটিকে (Metropolitan Transportation Authority, MTA) এর কারণ তদন্ত করে তার ফল জনসম্মুখে স্বচ্ছতার সাথে প্রকাশ করতে বলেছেন।

নিউ ইয়র্ককে সম্মুখে অগ্রসর করতে **একটি প্রতিভাবান, অভিজ্ঞ এবং বৈচিত্র্যময় দল গঠন করেছেন** যেখানে রয়েছে:

- **ব্রায়ান বেঞ্জামিন,** লেফটেন্যান্ট গভর্নর,প্রথম আফ্রো-ক্যারিবিয়ান
- **ক্যারেন পার্সিচিলি কিয়োগ,** গভর্নরের সেক্রেটারি
- **এলিজাবেথ ফাইন,** গভর্নরের কাউন্সেল
- **ক্যাথরিন গার্সিয়া,** স্টেট অপারেশন্স পরিচালক
- **রবার্ট মুজিকা,** বাজেট পরিচালক
- **ডাঃ ম্যারি টি ব্যাসেট,** MD, MPH, ডিপার্টমেন্ট অফ হেলথের ভারপ্রাপ্ত কমিশনার
- **রবি এম. ক্রিশ্চিয়ান,** পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) প্রধান এবং ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Department of Public Service) প্রধান নির্বাহী কর্মকর্তা
- **আদ্রিয়ান হ্যারিস,** ভারপ্রাপ্ত সুপারিনটেন্ডেন্ট, ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services)
- **নিসা আলসিনা,** প্যান্ডেমিক রিলিফের (Pandemic Relief) বিশেষ অ্যাডভাইজার
- **অমিত সিং বাগা,** ইন্টারগভর্নমেন্টাল অ্যাফেয়ার্সের (Intergovernmental Affairs) ডেপুটি সেক্রেটারি
- **মেলিসা বচেনস্কি,** ডেপুটি চিফ অফ স্টাফ
- **সিনিয়াদ দোহেরটি,** এক্সিকিউটিভ অপারেশন্সের (Executive Operations) ডেপুটি সেক্রেটারি
- **শ্যাটোড ফ্লয়েড,** লেজিস্লেটিভ অ্যাফেয়ার্স অ্যান্ড পলিসির (Legislative Affairs and Policy) ডেপুটি সেক্রেটারি
- **রবিন চ্যাপেল গলস্টোন,** নির্বাহী ডেপুটি সেক্রেটারি
- **জুলিসা গুটিয়েরেজ,** চিফ ডাইভার্সিটি কর্মকর্তা
- **জেফ লুইস,** চিফ অফ স্টাফ
- **স্ট্যাসি লিঞ্চ,** লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিনের চিফ অফ স্টাফ
- **মার্টি ম্যাক,** অ্যাপয়েন্টমেন্ট সেক্রেটারি
- **শার্লি পল,** সিনিয়র অ্যাডভাইজার ও কন্সটিটুয়েন্সি অ্যাফেয়ার্সের (Constituency Affairs) পরিচালক
- **পদ্মা সীমঙ্গল,** পলিসি অপারেশন্সের ডেপুটি সেক্রেটারি
- **লিন্ডা সান,** ডেপুটি চিফ অফ স্টাফ
- **জুলি উড,** কমিউনিকেশন্স ডিরেক্টর

24 আগস্টের পর থেকে গুরুত্বপূর্ণ সংখ্যাগুলি

- **72টি** পাবলিক ইভেন্ট
- **42টি** প্রেস উপলভ্যতা
- **15টি** কাউন্টি পরিদর্শন

কর্মস্থলের নিরাপত্তা বৃদ্ধি এবং কর্মীদের আয় বৃদ্ধি

- নিউ ইয়র্ক স্টেটের HERO অ্যাক্টের অধীনে কোভিড-19কে একটি বায়ুবাহিত সংক্রামক রোগ আখ্যা দিয়ে ঘোষণা করেছেন।

- **নিউ ইয়র্ক স্টেট আমেরিকান ফেডারেশন অফ লেবার অ্যান্ড কংগ্রেস অফ ইন্ডাস্ট্রিয়াল অর্গানাইজেশন্সের (American Federation of Labor and Congress of Industrial Organizations, AFL-CIO) প্রেসিডেন্ট মারিও সিলনটো বলেন,** "কর্মীদের কোভিড-19 ও ভবিষ্যৎ সংক্রামক রোগের ঘটনা থেকে সুরক্ষা প্রদান করতে অতি জরুরি NY HERO অ্যাক্ট অভীষ্ট লক্ষ্যে প্রয়োগ করার দৃঢ় সঙ্কল্প সিদ্ধান্ত নেওয়ার জন্য, বিশেষ করে শ্রমিক দিবসে, আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। প্রথম দিন থেকেই গভর্নর হোচুল কর্মী জনগণের কল্যাণে আইন ও শ্রমের (Legislature and Labor) সাথে একত্রে কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন, এবং এই পদক্ষেপ সেই প্রতিশ্রুতিকে পূরণ করে।"
- ওয়ার্ক জোনের নিরাপত্তা জোরদার করার ব্যাপারে সাহায্য করতে এবং নিউ ইয়র্কবাসী কর্মীদের আয় বৃদ্ধি করার জন্য চারটি আইনে স্বাক্ষর করেন:

ওয়ার্ক জোনে গতি লঙ্ঘন পর্যবেক্ষণের ব্যবস্থা বাস্তবায়ন করতে একটি প্রদর্শন প্রোগ্রাম স্থাপন করা
নির্মাণ কন্ট্রাক্টরদের জন্য তাদের সাবকন্ট্রাক্টরদের কাছে দেনা বেতন প্রদান বাধ্য করা
দামি কো-অপ এবং কন্ডোর ভবন সেবা কর্মচারীদের বিদ্যমান বেতন পরিশোধ আবশ্যক করা
শেয়ার করা কাজের সুবিধা বাড়ানো

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং অ্যান্ড কন্সট্রাকশন ট্রেডস কাউন্সিলের (New York State Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "এই গুরুত্বপূর্ণ বিধিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই, এটি নিউ ইয়র্কের নির্মাণ কর্মীদের মজুরি চুরি সংক্রান্ত লঙ্ঘনের, যা পরিশ্রমী পুরুষ ও মহিলাদের তাদের মর্যাদা এবং জীবিকা থেকে বঞ্চিত করে, বিরুদ্ধে লড়াই করার জন্য একটি নতুন গতি প্রদান করবে।

সার্ভিস এমপ্লয়িজ ইন্টারন্যাশনাল ইউনিয়ন (Service Employees International Union, SEIU) লোক্যাল 32BJ-র প্রেসিডেন্ট কাইল ব্র্যাগ বলেন, "এই শ্রমিক দিবসে, নিউ ইয়র্কের কর্মীদের আরো ভালো বেতন ও সুবিধা বৃদ্ধি এবং সুরক্ষা জোরদার করতে আইনে স্বাক্ষর করার জন্য 32BJ গভর্নর ক্যাথি হোচুলের প্রশংসা করছে। কোভিড-19 মহামারীর সময় নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করা 2,000 এরও বেশি বিল্ডিং সার্ভিসের কর্মীরা অবশেষে এমন বেতন উপার্জন করা শুরু করবে যা তাদের পরিবারকে টিকিয়ে রাখতে পারে।"

নিউ ইয়র্ক সিটিডিস্ট্রিক্ট কাউন্সিল অফ কার্পেন্টার্সের (New York City District Council of Carpenters) নির্বাহী সেক্রেটারি-কোষাধ্যক্ষ জোসেফ গাইগার বলেন, "বছরের পর বছর, কোথাও সাহায্য না পাওয়া শোষিত কর্মীরা লোভী কন্ট্রাক্টর দ্বারা প্রতারিত হয়েছে। এই আইনটি নিউ ইয়র্কের প্রতিটি নির্মাণ কর্মীকে বেতন চুরি হওয়া থেকে সুরক্ষিত রাখা নিশ্চিত করবে। গভর্নর হোচুল সকল স্থানের শ্রমিক ও কর্মীর জন্য একজন অবিচল বন্ধু হিসেবে ছিলেন বলে তার এটিকে আইন হিসেবে স্বাক্ষর করা খুবই মানানসই।

আমরা কোথায় যাচ্ছি

আগামী 45 দিন এবং তার পরবর্তীতে, নিউ ইয়র্কের সেরা সময় আসছে।

মহামারী শেষ করতে কাজ করা, আরো অর্থনৈতিক ত্রাণের জন্য চাপ প্রদান, বন্দুক সহিংসতা সঙ্কট, বা আমাদের ভঙ্গুর অপরাধীর ন্যায়বিচার ব্যবস্থা যাই হোক না কেন, গভর্নর হোচুল প্রশাসন চালানোর একটি স্টেজ সহযোগী পন্থা নিয়ে আসা অব্যাহত রাখবেন।

এখনো আরো কাজ বাকি, এবং গভর্নর হোচুল নিউ ইয়র্কবাসীর জন্য সেরা কাজ করতে সাহসী পদক্ষেপ নিতে প্রস্তুত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন